

দরপত্র বিজ্ঞপ্তি

আর.এফ.পি. নং- ঢাআমি/এএমসিজিএইচ/১৯০০/২০২৬- ৭৯৫

তারিখঃ ০৪ জুন, ২০২৬ ইং

এতদ্বারা সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ সরবরাহকারী/আমদানীকারক প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আহ্ছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল (এএমসিজিএইচ), উত্তরা-র জন্য Lot-1: Cleaning Items, Lot-2: Stationary Items, Lot-3: IT Products, Lot-4: Printing Products & Lot-5: Laundry Chemical ক্রয়ের লক্ষে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে নির্দিষ্ট টেন্ডার ডকুমেন্টের বিপরীতে দরপত্র আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহকে আগামী ০৬/০৬/২০২৬ ইং হতে ১৮/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) আহ্ছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল, প্লট # ৩, এমব্যাংকমেন্ট ড্রাইভওয়ে, সেক্টর # ১০ উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০ বরাবর হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, আয়কর প্রত্যয়নপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন (BIN-১৩ ডিজিট), কোম্পানীর স্বত্বাধিকারীর এনআইডি এবং ইউজার তালিকা সহকারে দরপত্র এর বিপরীতে অত্র হাসপাতালের দোতলায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র খামের মুখ গালা দিয়ে বন্ধ করে (খামের উপর Lot এর নাম উল্লেখপূর্বক) আগামী ২০/০৬/২০২৬ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। এরপর একই দিনে অর্থাৎ ২০/০৬/২০২৬ ইং তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বক্স খোলা হবে। দরপত্র একক লট ও একক ইউনিট পদ্ধতিতে মূল্যায়নপূর্বক দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। উল্লেখ্য যে, ১০০০/= (এক হাজার) টাকার (অফেরৎযোগ্য) মানি রিসিপ্ট (রশিদ) অত্র হাসপাতালের ক্যাশ কাউন্টার থেকে সংগ্রহ করে প্রকিউরমেন্ট বিভাগ থেকে Lot-1, Lot-2, Lot-3, Lot-4 ও Lot-5 পণ্যের দরপত্র ডকুমেন্ট সংগ্রহ করা যাবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত একক লটের ক্ষেত্রে ক্রম নং অনুসরণপূর্বক ভ্যাট ও ট্যাক্স সহ পণ্যের দাম প্রদান করতে হবে। হাসপাতাল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণ বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে। বিস্তারিত তথ্যের জন্য হাসপাতালের ওয়েবসাইট: www.amcghbd.org অথবা, হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


পরিচালক, হাসপাতাল

আহ্ছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল
প্লট # ৩, এমব্যাংকমেন্ট ড্রাইভওয়ে, সেক্টর # ১০
উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০

